তাগিদপত্র-১

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,
কক্ষ নং-০০৩, ব্লক-বি, নীচ তলা, পানি ভবন,
৭২ গ্রীনরোড (পান্থপথ), ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৯৭

OFFICE OF THE DIRECTOR
DTE. OF ESTATE & TRANSPORT,
ROOM NO-003, BLOCK-B, GROUND FLOOR, PANIBHABAN,
72 GREENROAD (PANTHAPATH), DHAKA-1205.
PHONE: 02222230097
E-mail:dir.estate@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.৩৩.১১৪.২২-৩৮৩ তারিখঃ ০৩-১১-২০২২ খ্রিঃ।

বরাবর
দপ্তর প্রধান (সকল),
.................................................................
বাপাউবো, ..................................................

বিষয়ঃ **মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের TO&E অন্তর্ভূক্ত গাড়ী এবং উন্নয়ন প্রকল্প হতে ক্রয়কৃত যানবাহনের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.৯৯.১৮৭.১৭.৩২৮, তারিখঃ ১৯-১০-২০২২খ্রিঃ।
২। সওযা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.৩৩.০৯৯.২০-২৯৭, তারিখঃ ১৯-১০-২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারক নং-১ এর চাহিদানুযায়ী বাপাউবোর্ডের TO&E অন্তর্ভূক্ত সকল ধরণের গাড়ী এবং উন্নয়ন প্রকল্প হতে ক্রয়কৃত যানবাহনের তথ্যাদি ছক মোতাবেক ০৩ (তিন) দিনের মধ্যে অব্যর্থভাবে অত্র দপ্তরে প্রেরণ (প্রয়োজনীয় সংযুক্তিসহ) করার জন্য (স্মারক নং-২ মোতাবেক) অনুরোধ করা হয়েছিল। কিন্তু অধিকাংশ দপ্তর হতে অদ্যাবধি গাড়ী সংক্রান্ত তথ্যাদি অত্র দপ্তরে প্রেরণ করা হয় নাই। ফলে বোর্ডকে মন্ত্রণালয়ের নিকট বিব্রতকর অবস্থায় পড়তে হচ্ছে। এমতাবস্থায়, যে সকল দপ্তর হতে গাড়ী সংক্রান্ত তথ্যাদি অত্র দপ্তরে প্রেরণ করা হয় নাই, সে সকল দপ্তর হতে অতি জরুরিভিত্তিতে ছক মোতাবেক গাড়ীর তথ্যাদি প্রেরণ করার জন্য আদেশক্রমে পুনঃ অনুরোধ করা হলো।

সম্ভাব্য বিব্রতকর পরিস্থিতি এড়ানোর লক্ষ্যে জোনাল প্রধান প্রকৌশলীগণকে জোনভিত্তিক গাড়ীর তথ্যাদি সমন্বিত আকারে এবং অন্যান্য প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ সমমানের কর্মকর্তাগণকে তাঁদের নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহের তথ্যাদি সমন্বিত আকারে অত্র পত্র জারির ০৩ (তিন) দিনের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য আদেশক্রমে অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরি।

০৩/১১/২২
(মোঃ মনিরুজ্জামান)
উপ-পরিচালক (যানবাহন)
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.৩৩.১১৪.২২-৩৮৩ তারিখঃ ০৩-১১-২০২২ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.৩৩.০৯৯.২০-২৪১ তারিখঃ ০৩-১০-২০২২খ্রিঃ এর চাহিদামতে প্রকল্পভিত্তিক ক্রয়কৃত গাড়ীর তথ্যাদি প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো)।
২। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, পানি ভবন, ৭২ গ্রীনরোড, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/ পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), পানি ভবন, ৭২ গ্রীনরোড, বাপাউবো, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।

০৩/১১/২২
(মোঃ মনিরুজ্জামান)
উপ-পরিচালক (যানবাহন)
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

D:\ALL File\TO&E ও যানবাহন সংক্রান্ত তথ্য\Letter Others.docx